রপ্তানী বৃদ্ধি
জাতির সমৃদ্ধি

# রপ্তানী উন্নয়ন ব্যুরো
# EXPORT PROMOTION BUREAU

Export Promotion Bureau
Bangladesh

নং-২৬.০২.০০০০.০২১.২৫.৫০.২১৪.১৮-৬৮৭ তারিখঃ ২৩-০৩-২০২০ খ্রিঃ

বিষয়ঃ Registered Exporter System (REX) বাস্তবায়নে রপ্তানি উন্নয়ন ব্যুরোর সার্ভিস চার্জ গ্রহণ প্রসংঙ্গে।।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ থেকে ইউরোপীয় ইউনিয়ন, নরওয়ে, সুইজারল্যান্ড ও তুরস্কে পণ্য ও সেবা রপ্তানির ক্ষেত্রে ইউরোপীয় ইউনিয়নের Regulation অনুযায়ী Registered Exporter System (REX) কার্যকর হয়েছে। REX পদ্ধতিতে রপ্তানিকারক নিজেই রপ্তানি পণ্যের EU Rules of Origin (RoO) প্রতিপালনের সক্ষমতা সাপেক্ষে "Statement On Origin" জারী করে রপ্তানি দলিলাদির সঙ্গে শুল্ক কর্তৃপক্ষের নিকট প্রেরণ করবে। আগামী ৩০ জুন, ২০২০ তারিখের পর উল্লিখিত দেশসমূহে বাংলাদেশ হতে রপ্তানির বিপরীতে জিএসপি সনদের কার্যকারীতা থাকবে না।

০২। Registered Exporter System (REX) বাস্তবায়নে সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপ হচ্ছে মনিটরিং ও কন্ট্রোল। এ বিষয়ে ইউরোপীয় ইউনিয়নের Regulation অনুযায়ী Competent Authority'র উপর সুনির্দিষ্ট দায়িত্ব অর্পিত রয়েছে। এ সকল দায়িত্বের মধ্যে অন্যতম হলো: ক) রপ্তানিকারক কর্তৃক ইস্যুকৃত প্রতিটি consignment-এর Statement on Origin (SoO) এর কপি এবং রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি বাধ্যতামূলক ভাবে সংগ্রহ, যাচাই-বাছাই ও পরীক্ষা-নীরিক্ষা পূর্বক রেজিষ্টারে এন্ট্রির মাধ্যমে ডাটাবেজ প্রণয়ন, খ) Monotoring, Verification-এর জন্য রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি তিন বছরের জন্য সংরক্ষণ, গ) REX এর যে কোন তথ্য পরিবর্তন, পরিবর্ধন এবং সংশোধন, ঘ) সন্দেহজনক চালান বা জালিয়াতি বা তৃতীয় কোন দেশ হতে রপ্তানির ক্ষেত্রে মনিটরিং সংশ্লিষ্ট কার্যাদি যেমন ফ্যাক্টরী পরিদর্শন, ঙ) ইউরোপীয় ইউনিয়নসহ অন্যান্য দাতা দেশের চাহিদা মোতাবেক তথ্য প্রদান ও অন্যান্য সহযোগিতা প্রদান এবং ঘ) ইউরোপীয় ইউনিয়নকে REX বাস্তবায়নে প্রশাসনিক সহায়তা প্রদান প্রভৃতি।

০৩। উল্লেখিত কার্যবলী সম্পাদনের জন্য রপ্তানি উন্নয়ন ব্যুরো আইন-২০১৫-এর ধারা ৯-এর (১)-এর (ঞ) অনুযায়ী সেবা প্রদানের জন্য ফি বা সার্ভিস চার্জ নির্ধারণ করেছে। সে প্রেক্ষিতে, রপ্তানিকৃত প্রতি কনসাইমেন্টের বিপরীতে সার্ভিস চার্জ টাঃ ৩০০/- (তিনশত টাকা) এবং সরকারের ভ্যাট ১৫% ও আয়কর ১০% হিসেবে সর্বমোট (টা:৩০০+টা:৭৫)=টাকা ৩৭৫/- (তিনশত পঁচাত্তর) রপ্তানি উন্নয়ন ব্যুরো কর্তৃক আরোপ করা হয়েছে এবং এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয় সরকারের বিধি-বিধান অনুসারে কার্যক্রম গ্রহণে নির্দেশনা প্রদান করেছে। উল্লেখ্য, সরকারের বিধি-বিধান অনুসারে উল্লেখিত সার্ভিস চার্জ বিগত ২১ জুলাই, ২০১৯ তারিখ হতে রপ্তানিকৃত প্রতি কনসাইনমেন্ট-এর বিপরীতে কার্যকর হবে। উল্লেখ্য, উক্ত সার্ভিস চার্জ ব্যাংক পে-স্লিপ/পে-অর্ডারের মাধ্যমে রপ্তানি উন্নয়ন ব্যুরোর অনুকূলে প্রদান করতে হবে।

০৪। বর্ণিতাবস্থায়, সংশ্লিষ্ট রপ্তানিকারক প্রতিষ্ঠানের REX Registration Number প্রাপ্তির তারিখ হতে রপ্তানিকৃত প্রতি কনসাইমেন্টের বিপরীতে সার্ভিস চার্জ (ভ্যাট ও আয়করসহ) টাঃ ৩৭৫/-(তিনশত পঁচাত্তর) টাকা এবং রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি (Statement On Origin, Bill of Export, EXP ও Bill of Lading)-এর কপিসমূহ রপ্তানি উন্নয়ন ব্যুরোতে জমা প্রদানের বিষয়টি রপ্তানিকারকদের অবহিতকরণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

২৩.৩.২০২০।

(মোঃ জাহাংগীর হোসেন)
পরিচালক (যুগ্ম-সচিব)

বিতরণ: প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ), হাউজ #৭/৭এ, সেক্টর #১৭ ,ব্লক # এইচ-১, উত্তরা, ঢাকা-১২৩০। ই-মেইল: info@bgmea.com.bd, fair@bgmea.com.bd

চলমান পাতা-২

F:\ITO\Letter ITO -.doc 228

২. সভাপতি, বাংলাদেশ নীটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিকেএমইএ), প্লানার্স টাওয়ার (১৩তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, ঢাকা। ফোন-৭৬৪০৫৩৫, ৭৬৪১২৯৫০১৭৮০৩৭৭১৬১, ই-মেইল: bkfair@bkmea.com

৩. সভাপতি, বাংলাদেশ ফিনিসড লেদার, লেদার গুডস্ এন্ড ফুটওয়্যার এক্সপোর্টার্স্ এসোসিয়েশন, হাউজ নং- ৩২/এ, রোড নং ২ ফ্লাট বি-২, ধানমন্ডি আ/এ, ঢাকা। ই-মেইল: bfllfea55@yahoo.com

৪. সভাপতি, বাংলাক্রাফ্ট, ৭-৯, কাওরান বাজার, বিটিএমসি ভবন, ঢাকা। ফোন: ৯১১৯০৯০, ই-মেইল: banglacraftbd@gmail.com

৫. সভাপতি, লেদার গুডস্ এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, ১৮, কামাল আর্তাতুক এভিনিউ ,ইরেক্টরস্ হাউজ (১০ম তলা) বনানী বা/এ, ঢাকা। E-mail: **info@lfmeab.org**

৬. **সভাপতি,** বাংলাদেশ এগ্রো-প্রসেসর এসোসিয়েশন (বাপা) নাভানা নিউবেরী পেলেস ফ্ল্যাট # ডি-৬, ৪/১/এ, সোবহানবাগ শেরে বাংলা নগর, ঢাকা। E-mail: info@bapabd.org

৭. সভাপতি, বাংলাদেশ সিরামিক ওয়্যার ম্যানুফ্যাকসারর্স এসোসিয়েশন, টিএমসিভবন (৯ম তলা), ৫২/১ নিউ ইস্কাটন রোড (৪র্থ তলা), ঢাকা, বাংলাদেশ। ফোন ঃ ৮৩১৬৯৮৯ , E-mail: bcwma@yahoo.com, bcmeabd@gmail.com

৮. **সভাপতি,** বাংলাদেশ ফ্রোজেন ফুডস্ এক্সপোর্টার্স এসোসিয়েশন, স্কাইলার্ক পয়েন্ট (১০ম তলা), ২৪/এ বিজয় নগর, নর্থ সাউথ রোড, ঢাকা। E-mail: bffea@dhaka.net, bffeadhk@gmail.com

৯. সভাপতি, বাংলাদেশ প্লাষ্টিক দ্রব্য প্রস্তুতকারক এসোসিয়েশন, পল্টন টাওয়ার, স্যুইট নং-৬০৩ ও ৬০৪, নয়াপল্টন, ৮৭ পুরানা পল্টল লেন (৭ম তলা), ঢাকা-১০০০, ফোন-৯৩৪৭৮৮৯, ৮৩৫০১৯২। E-mail: narayandy@yahoo.com

১০. চেয়ারম্যান, বাংলাদেশ টেরী টাওয়েল লিলেন ম্যানুঃ এন্ড এক্সপোর্টার্স এসোঃ, পল্টন টাওয়ার , ৮৭ পুরানা পল্টন লেন (সাউথ্স্ট কর্নার),ঢাকা-১০০০। ফোনঃ ৯৩৯১৮১৫, ৯৩৫১৮২০, ০১৯১৬৩৭৩১৬১ ফ্যাক্সঃ ৯৩৮১৮১৫ E-mail: info@bttlmea.com.bd , mamun@bttlmea.com.bd

১১. **সভাপতি,** বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন, আদমজী কোর্ট (৪র্থ ফ্লোর), মেইন বিল্ডিং, ১১৫-১২০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। E-mail:bjmajutegood@agnionline.com,bjmajutegood@gmail.com, bjmajute@bdcom.net Phone: +88-02-9566472, 9555798, 01711-538047

১২. President, Bangladesh Fruits, Vegetables & Allied Products Exporters Association, 28/1/C, Toyenbee Circular Road, Rahmania International Complex, (5th Floor), Room No,11, 12 Motijheel C/A, Dhaka-1000. Phone: 02-9560506 E-mail: bfvapea.association@gmail.com

১৩. President, Bangladesh Bi-cycle & Parts Manufacturers and Exporters Association, 187-188/B, Tejgaon 1/A, Dhaka. E-mail: halinkhan@meghnabangladesh.com

১৪. সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন, ইউনিক ট্রেড সেন্টার (লেবেল-৮), ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা। E-mail: btmasg@gmail.com

১৫. সভাপতি, বাংলাদেশ গার্মেন্ট এক্সেসরিজ এন্ড পাকেজিং ম্যানফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএপিএমইএ), সোনারতরী টাওয়ার (১০ম তলা), প্লট নং-১২, সোনারগাঁও লিংক রোড, বাংলা মটর, ঢাকা-১০০০ । ই-মেইলঃ

১৬. পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ।

১৭. সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, কুমিল্লা/সিলেট/নারায়ণগঞ্জ ।

বিতরণ: সদয় জ্ঞাতার্থে :

১. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
**দৃষ্টি আকর্ষণঃ** অতিরিক্ত সচিব (রপ্তানি), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা । E-mail: **addl.export@mincom.gov.bd**

২. প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ইপিবি'র ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহকারে) ।

৩. সহকারী পরিচালক, ভাইস-চেয়ারম্যানের দপ্তর, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

F:\ITO\Letter ITO -.doc 229